

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাননীয় মন্ত্রীর দপ্তর
রেলপথ মন্ত্রণালয়

ঢাকা, ১ ফেব্রুয়ারী ২০১৫

বর্তমান রাজনৈতিক অবস্থায় রেল লাইন , ট্রেন ও অন্যান্য রেল স্থাপনায় নাশকতা প্রতিরোধ , যাত্রী ও মালামাল পরিবহনের নিরাপত্তা বিধান ও স্বাভাবিক রেল যোগাযোগ অব্যাহত রাখার উদ্দেশ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে রেলপথ মন্ত্রীর সভাপতিত্বে রেল ভবনে আজ এক বিশেষ আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

সভা শেষে উপস্থিত সাংবাদিকদের সামনে মন্ত্রী গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত তুলে ধরেন। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- সারাদেশের রেল লাইন রক্ষা ও রেল যোগাযোগ স্বাভাবিক রাখার জন্য স্থানীয় প্রশাসন, স্থানীয় জনপ্রতিনিধি, উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদের সদস্য ও স্থানীয় জনগনের সহায়তায় সংশ্লিষ্ট এলাকার রেল লাইনকে রক্ষা করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হয়েছে।

এছাড়া নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী, তেল, সার সহ গুরুত্বপূর্ণ মালামাল ট্রেনের মাধ্যমে পরিবহন করা হচ্ছে এবং এটি আরো অব্যাহত থাকবে বলে মন্ত্রী জানান। এজন্য নিরাপত্তার সাথে জড়িত সকল পক্ষকে নির্দেশ দেয়া হয়েছে।

এছাড়াও মন্ত্রী তার বক্তব্যে উল্লেখ করেন , নাশকতার উদ্দেশ্যে রেললাইন উপড়ানো , ফিসপ্লেট খুলেফেলা, ট্রেনে অগ্নিসংযোগ ইত্যাদি ধ্বংসাত্মক কার্যকলাপ দেখা গেলে তাৎক্ষণিক ভাবে নিম্নোক্ত নাম্বারে জানানোর জন্য সকলকে অনুরোধ জানানো হয়েছে। তাছাড়া নিকটস্থ থানা/ফাঁড়ি, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অথবা রেলওয়ে কর্তৃপক্ষকেও জানানো যাবে। তথ্য দাতার পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে বলে মন্ত্রী জানান।

যোগাযোগ নম্বরঃ পুলিশ হেডকোয়ার্টার্স কন্ট্রোল রুম-০১৭৬৯৬৯০০৩৩ , জিআরপি কন্ট্রোল রুম-০১৭৮৫৯০৩৭১২, ডিভিশনাল রেলওয়ে কন্ট্রোল রুম ঢাকা-০১৭১১৬৯১৫৬৪ , চট্টগ্রাম-০১৭১১৬৯১৬৩৫ পাকশী-০১৭১১৬৯১৬২১,লালমনিরহাট-০১৭১১৬৯১৬০৪।

এই আন্তঃমন্ত্রণালয় সভায় রেলপথ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ মনসুর আলী সিকদার , বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক মোঃ আমজাদ হোসেন , স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় , পুলিশ ,আনসার ভিডিপি সহ অন্যান্য সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

মোঃ শরিফুল আলম
সিনিয়র তথ্য অফিসার
রেলপথ মন্ত্রণালয়
০১৭১১-৬৯১০৫৩